


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
পার-২ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং ৪৫.১৪৩.০২৭.০০.০০.০০২.২০১৮-৬৫০

তারিখঃ ২০.১০.২০১৯খ্রিঃ

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানান যাচ্ছে যে, সাম্প্রতিককালে স্বাস্থ্য সেবা বিভাগে কর্মরত বিভিন্ন কর্মকর্তার বরাত দিয়ে এবং কখনও কখনও অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব হিসেবে নিজেকে পরিচয় দিয়ে বিভাগীয় পরিচালক/সিভিল সার্জন/উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাসহ অন্যান্য চিকিৎসকদের নিকট বিভিন্ন অজুহাতে সরাসরি টেলিফোনে উৎকোচ দাবী করা হচ্ছে বা বিভিন্ন ধরনের কাজ করার জন্য বলা হচ্ছে। বিষয়টি অত্যন্ত অনভিপ্রেত ও অনাকাঙ্ক্ষিত। ফোনে বা অন্য কোনভাবে যদি স্বাস্থ্য সেবা বিভাগের অধীন কোন পর্যায়ের কোন কর্মকর্তা/চিকিৎসকের নিকট স্বাস্থ্য সেবা বিভাগে কর্মরত কোন অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব/উপসচিবসহ কোন কর্মকর্তা/কর্মচারীর বরাত দিয়ে বা কর্মকর্তা পরিচয় দিয়ে কোনরূপ উৎকোচ দাবী করা হয় বা কোন অন্যায় কাজের জন্য তদবির করা হয় তাহলে সাথে সাথে সংশ্লিষ্ট থানায় জিডি করে স্বাস্থ্য সেবা বিভাগে অনুলিপি প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে নির্দেশক্রমে অনুরোধ করা হল। একই সাথে স্বাস্থ্য সেবা বিভাগে কর্মরত সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের সতর্ক থাকার জন্যও অনুরোধ করা হলো।

  
(শারমিন আক্তার জাহান)  
উপসচিব (পার-২)  
ফোনঃ ৯৫৪০৪৪৮  
per2@hds.gov.bd

বিতরণঃ

- ১। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। যুগ্ম-সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। পরিচালক (প্রশাসন/এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), .....
- ৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। লাইন ডাইরেক্টর,.....।
- ৮। উপ-সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান/সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১১। সিভিল সার্জন/সহকারী পরিচালক, .....
- ১২। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তৌকে মন্ত্রণালয়ের ওয়েব সাইটের হোম পেজে বিজ্ঞপ্তি প্রকাশের অনুরোধসহ)
- ১৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তৌকে অধিদপ্তরের ওয়েব সাইটের হোম পেজে বিজ্ঞপ্তি প্রকাশের অনুরোধসহ)
- ১৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, .....